**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 3/1/2024 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল স্টেটব্যাপী সাতটি বাণিজ্যিক সাইট রূপান্তরিত করার জন্য এবং নিউ ইয়র্ক স্টেটে হাইটেক প্রস্তুতকরণ ব্যবসাকে আকৃষ্ট করার জন্য 45 মিলিয়ন মার্কিন ডলারের বেশি FAST NY অনুদান ঘোষণা করলেন

***অর্থপ্রাপ্তদের মধ্যে রয়েছে ব্রুম, শেমাঙ্গ, ক্লিন্টন, ফুল্টন, নায়াগ্রা, ওনিডা, এবং অরেঞ্জ কাউন্টি***

***আধুনিক প্রস্তুতকরণ এবং অন্যান্য মুখ্য বিকাশমান শিল্পখাতের ব্যবসাকে আকৃষ্ট ও সম্প্রসারিত করার মাধ্যমে অধিক বেতনের, একবিংশ শতাব্দীর চাকরি তৈরির জন্য FAST NY এখন পর্যন্ত 175 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অনুদান প্রদান করেছে***

***গভর্নর হোকল অর্থবছর 2025 এর নির্বাহী বাজেটের অংশ হিসেবে 100 মিলিয়ন মার্কিন ডলারের প্রস্তাবনা করেছেন***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক নির্মাণের জন্য প্রস্তুত ট্র্যাক্টে কেন্দ্রীভূত আকর্ষণ (Focused Attraction of Shovel-Ready Tracts New York, FAST NY) অনুদানের অধীনে সাতটি অবস্থানের উন্নয়নের জন্য 45 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করা হবে। নিউ ইয়র্কে নির্মাণের জন্য প্রস্তুতির সূচনা করে দিতে এবং বড় চাকরিদাতা ও হাইটেক প্রস্তুতকরণ কোম্পানিসমূহের কাছে এর আকর্ষণ বৃদ্ধি করতে পুরো সেটা সাইট প্রস্তুতি ও বিকাশের জন্য 2022 সালের ফেব্রুয়ারিতে প্রথম ঘোষিত হওয়া FAST NY নকশা করা হয়। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) পরিচালিত কর্মসূচিটি নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতিকে আরো বৈচিত্র্যময় করতে সাহায্য করবে এবং একই সাথে ব্যবসা, সম্প্রদায় এবং কর্মসংস্থান সৃষ্টির জন্য নতুন বিনিয়োগ চালনা করবে। এর সূচনার পর থেকে, FAST NY আপস্টেটের প্রতিটি অঞ্চলে 20টির বেশি সাইটে 175 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করেছে। পাশাপাশি, FAST NY কর্মসূচিকে সম্প্রসারিত করার জন্য এবং পুরো স্টেটে নির্মাণের জন্য প্রস্তুত হওয়ার জন্য সাইটসমূহকে প্রস্তুত করতে এর সাফল্যকে অগ্রসর করতে অর্থবছর 2025 সালের নির্বাহী বাজেটে গভর্নর হোকল অতিরিক্ত 100 মিলিয়ন মার্কিন ডলারের প্রস্তাবনা করেছেন।

"হাডসন ভ্যালি থেকে সাউদার্ন টিয়ার পর্যন্ত, এইসব FAST NY বিনিয়োগ আমাদের পুরো স্টেটজুড়ে অর্থনৈতিক সুযোগ উন্মোচন করছে," **গভর্নর হোকল বলেন।** "আমাদের শীর্ষমানের কর্মীবাহিনী, আমাদের অর্থপূর্ণ প্রণোদনা, এবং আমাদের মূল হাতিয়ার, নির্মাণের জন্য প্রস্তুত

সাইটের কারণে আগামীদিনের ব্যবসাসমূহ দলে দলে নিউ ইয়র্কে আসছে, এবং আমাদের স্টেটে আরো বেশি একবিংশ শতাব্দীর চাকরিদাতা এবং আগামীদিনের চাকরির বিকাশ করতে আইনসভার সাথে কাজ করার জন্য আমি প্রতিশ্রুতিবদ্ধ।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন,** "নিজেদের ব্যবস্থা স্থাপনের সেরা স্থান খোঁজার সময় কোম্পানিগুলি যাতে প্রথম স্থান হিসেবে নিউ ইয়র্কের কথা চিন্তা করে তা সম্ভব করা নিউ ইয়র্ক স্টেটের উদ্দেশ্য। FAST NY মিউনিসিপ্যালিটি এবং ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট এজেন্সি (Industrial Develpment Agency, IDA) সমূহকে আধুনিক প্রস্তুতকরণ, সেমিকন্ডাক্টর, নবায়নযোগ্য শক্তি, লাইফ সাইন্স এবং কৃষিবাণিজ্যের মতো বিশেষ বিশেষ শিল্পখাতকে কেন্দ্র করে সাইট বিকাশ করার সঠিক সরঞ্জাম প্রদান করে।"

নির্মাণের জন্য প্রস্তুতিতে বিনিয়োগ নিউ ইয়র্ক স্টেটে মুখ্য চাকরিদাতাদের আকৃষ্ট করেছে, যার মধ্যে রয়েছে FAST NY এর প্রথম রাউন্ডের একজন বিজয়ী, মনরো কাউন্টির ওয়েবস্টারের 1900 টেবর রোডে কোকা কোলা কোম্পানির ( Coca-Cola Company) একটি 650 মিলিয়ন মার্কিন ডলারের উৎপাদন কারখানা নির্মাণ। তৃতীয় রাউন্ডের বিজয়ীরা সেমিকন্ডাক্টর শিল্পখাতের আকর্ষণের জন্য সাইট বিকাশ করা অব্যাহত রেখেছে এবং একই সাথে তারা নিউ এনার্জি নিউ ইয়র্ক (New Energy New York, NENY) স্টোরেজ ইঞ্জিন হিসেবে মার্কিন যুক্তরাষ্ট্রের জাতীয় বিজ্ঞান ফাউন্ডেশন (U.S. National Science Foundation, NSF) প্রদত্ত আখ্যার সম্পূরক হিসেবে কাজ করছে, যা একটি আঞ্চলিক উদ্ভাবন ইঞ্জিন (Regional Innovation Engine) (NSF ইঞ্জিন) হিসেবে বিংহ্যামটন ইউনিভার্সিটিকে (Binghamton University) কেন্দ্র করে গড়ে উঠছে। একত্রে এই বিনিয়োগসমূহ সাউদার্ন টিয়ার অঞ্চলকে বিকাশমান শক্তি স্টোরেজ শিল্পখাতের জাতীয় কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠিত করছে।

**ওনিডা কাউন্টি - 23.6 মিলিয়ন মার্কিন ডলার:** রোম সিটির গ্রিফিস আন্তর্জাতিক বিমানবন্দরে (Griffiss International Airport) এবং উলফস্পিড (Wolfspeed) ও মাইক্রনের (Micron) নিকটে অবস্থিত ট্রায়াঙ্গল সাইটটি নিউ ইয়র্কের প্রধান সেমিকন্ডাক্টর সরবরাহ চেইন ক্যাম্পাস হয়ে উঠার অবস্থানে রয়েছে যা 50 MW পর্যন্ত বিদ্যুৎ প্রদান করতে পারবে। প্রকল্পটি বৈদ্যুতিক হালনাগাদকরণ, মিউনিসিপ্যাল পানি ও স্যানিটারি সিউয়ার ও প্রাকৃতিক গ্যাস, পরিবহনেই বিস্তৃতি এবং সাধারণ সাইট কাজের হালনাগাদকরণ ও সম্পূর্ণকরণের সুযোগ প্রদান করবে। ট্রায়াঙ্গল সাইটটি সুবিধাজনকভাবে নিউ ইয়র্ক স্টেটের কেন্দ্রে অবস্থিত, যার ফলে একটি বড় সম্ভাব্য কর্মীবাহিনীর জন্য এটি অ্যাক্সেসিবল হবে। প্রকল্পটি 2.6 মিলিয়ন বর্গফুট নতুন নির্মাণ উন্মোচন করবে এবং 332 একরের এই সাইটে 3,000 নতুন চাকরির সম্ভাবনা রয়েছে। ক্যাম্পাসটি একটি মধ্যম মানের দুর্দশাপীড়িত সম্প্রদায়ে অবস্থিত এবং এটি অ্যাক্সেসিবল কর্মীবাহিনীর সুযোগসুবিধা, আবাসন, বিনোদন ও গণপরিবহন প্রদান করে।

**ব্রুম কাউন্টি, IDA, ব্রুম কাউন্টি - 11.3 মিলিয়ন মার্কিন ডলার:** প্রকল্পটি জনসন সিটির মেইন স্ট্রিটের প্রাক্তন BAE সাইটে অবস্থিত এবং এটি বন্যা প্রতিরোধ করার জন্য একটি এলিভেটেড ডেভেলপমেন্ট প্যাড স্থাপনের ব্যবস্থা করবে এবং এছাড়াও প্রয়োজনীয় পানি, সিউয়ার এবং বৈদ্যুতিক অবকাঠামো এবং সেই সাথে সাইটের ভবিষ্যৎ ব্যবহারকে সক্রিয় করতে ঝড়ের পানির উন্নয়নসহ একটি স্টাব রোড তৈরি করবে। সম্পত্তিটি একটি প্রাক্তন কয়লার

প্ল্যান্টের নিকটে অবস্থিত যা এই সাইটটিকে ফেডারেল আখ্যাপ্রাপ্ত এনার্জি কমিউনিটির মধ্যে স্থাপন করে যা পরিচ্ছন্ন প্রযুক্তির প্রস্তুতকারকদের জন্য এইসব সেন্সাস ট্র্যাক্টে ব্যবহার করার জন্য সংরক্ষিত ফেডারেল তহবিলের উল্লেখযোগ্য বরাদ্দ পাওয়ার সম্ভাবনা সৃষ্টি করে। প্রত্যাশা করা হচ্ছে যে 27 একরের এই সাইটটিকে সক্রিয় ব্যবহারের অবস্থায় ফেরত নিয়ে গেলে কর ও নতুন কর্মসংস্থান উল্লেখযোগ্য পরিমাণ বৃদ্ধি করা যাবে।

**শেমাঙ্গ কাউন্টি IDA, শেমাঙ্গ কাউন্টি - 4,000,000 মার্কিন ডলার:** হর্সহিডসের নর্থ মেইন স্ট্রিটে অবস্থিত এই প্রকল্পটি হালনাগদকরণ সম্ভব করবে যার মধ্যে রয়েছে বিদ্যমান রেল, পানি, সিউয়ার, এবং ঝড়ের পানির অবকাঠামোর উন্নয়ন যাতে সাইটটিতে পরিকল্পিত বিকাশ ও ডেভেলপমেন্টকে সমর্থন করা যায়। সাইটের উন্নয়নের ফলে একটি প্রত্যাশিত 765,000 বর্গফুটের আধুনিক প্রস্তুতকরণ, গুদামজাতকরণ এবং লজিস্টিক ফ্যাসিলিটি সম্ভব হবে। ইন্টারমডাল এই সাইটটির উল্লেখযোগ্য পানি ও বর্জ্যপানির সংস্থানের অ্যাক্সেস রয়েছে, এটি কেন্দ্রীয়ভাবে তিনটি মুখ্য শহর থেকে দুই ঘণ্টার দূরত্বে অবস্থিত এবং এটি ফরেন ট্রেড জোন আখ্যা লাভ করেছে। এই সাইটের অভীষ্ট বাজারের মধ্যে রয়েছে ব্যাটারি এবং সৌর প্রস্তুতকরণ ও লজিস্টিক গুদামজাতকরণ। নির্মাণের জন্য প্রস্তুত এই সাইটটি ব্যাটারি সরবরাহ চেইনকে সাউদার্ন টিআরের উদীয়মান টেক হাবের আশেপাশে বিকশিত হওয়ার আরেকটি সুযোগ প্রদান করবে।

**নায়াগ্রা কাউন্টি - 3,258,450 মার্কিন ডলার:** ক্যামব্রিয়ার জাংশন রোডের নায়াগ্রা কাউন্টি বিজনেস পার্কে (Niagara County Business Park) অবস্থিত এই প্রকল্পটি সাইটের প্রস্তুতি এবং বৈদ্যুতিক, গ্যাস, পানি এবং সিউয়ার সম্প্রসারণের মতো অবকাঠামোর উন্নয়ন সম্ভব করবে। প্রকল্পটিতে রয়েছে এই 60 একর ক্যাম্পাসে একটি 13.2kV বৈদ্যুতিক লাইন বিস্তৃত করা, এবং একই সাথে একটি নিকটবর্তী 115kV বিদ্যুৎ লাইন ব্যবহার করার জন্য পরিকল্পনা ও প্রকৌশল কাজ শুরু করা। সাইটটি উল্লেখযোগ্য বিদ্যুৎ লাইনের নিকটে অবস্থিত, এর স্বল্প মূল্যে নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ (New York Power Authority, NYPA) জলবিদ্যুৎ পাওয়ার সুযোগ রয়েছে এবং উল্লেখযোগ্য ধারণক্ষমতার পানি ও সিউয়ার ব্যবস্থা পাওয়ার সুযোগ রয়েছে। FAST NY সমর্থিত অবকাঠামোর হালনাগাদনকরণ এই সাইটটিকে আধুনিক প্রস্তুতকরণের জন্য একটি আদর্শ অবস্থান হিসেবে প্রতিষ্ঠা করবে। সাইটটির বৈশিষ্ট্য হলো হাইওয়ের নিকটবর্তীতা এবং মুখ্য মার্কিন যুক্তরাষ্ট্র ও কানাডিয়ান বাজারের অ্যাক্সেস।

**ক্লিন্টন কাউন্টি - 3,000,000 মার্কিন ডলার:** প্ল্যাটসবার্গের ক্লিন্টন কাউন্টি বিমানবন্দর সম্পত্তি 450 একরের বেশি ডেভেলপমেন্টের যোগ্য ভূমি নিয়ে গঠিত। সাইটের কিছু অংশ ইতিমধ্যে তিনটি ইন্ডাস্ট্রিয়াল সাইট হিসেবে পুনর্গঠিত হয়েছে, এবং এই প্রকল্পটি পানি, স্যানিটারি সিউয়ার, ঝড়ের পানি, বৈদ্যুতিক ব্যবস্থাসহ অবকাঠামোর উন্নয়ন সম্ভব করবে এবং একই সাথে একটি রাস্তা নির্মাণ করবে যার ফলে অতিরিক্ত 135 একর ভূমির ডেভেলপমেন্ট সম্ভব হবে। I-87 থেকে মাত্র তিন মিনিট দূরত্বে এবং ধারণক্ষমতা পূর্ণ হওয়া বিদ্যমান এয়ার ইন্ডাস্ট্রিয়াল পার্কের (Air Industrial Park) নিকটে অবস্থিত এই সাইটটি প্রস্তুতকরণ, লাইট ইন্ডাস্ট্রিয়াল প্রক্রিয়াজাতকরণ, গুদামজাতকরণ, এবং বিতরণের কাজে ব্যবহারের জন্য 1.7 মিলিয়ন বর্গফুট পর্যন্ত স্থানের ব্যবস্থা করবে।

**অরেঞ্জ কাউন্টি IDA, অরেঞ্জ কাউন্টি - 462,500 মার্কিন ডলার:** মন্টগোমারির অ্যাডেন ব্রুক কমার্স পার্কে (Aden Brook Commerce Park) অবস্থিত এই প্রকল্পটি স্টেট পরিবেশ সংক্রান্ত মান পর্যালোচনা আইন (State Environmental Quality Review Act, SEQRA) প্রক্রিয়া অগ্রসর করতে সাহায্য করবে এবং প্রকৌশল ও সাইটের নকশা সম্পর্কিত ব্যয় পূরণ করতে সাহায্য করবে। এর ফলে একটি নির্মাণের জন্য প্রস্তুত পার্ক তৈরি হবে যা নিউ ইয়র্ক সিটি ও অ্যালবানির মধ্যে একটি সেতু হিসেবে কাজ করবে। বিকশিত সাইটটি আধুনিক প্রস্তুতকরণ শিল্পখাতকে অভীষ্ট করবে, এবং লাইফ সাইন্স, সেমিকন্ডাক্টর সরবরাহ চেইন, পরিচ্ছন্ন প্রযুক্তি, এবং ভ্যালু অ্যাডেড অ্যাসেম্বলির উপর বিশেষভাবে মনোযোগ প্রদান করা হবে। সাইটটি I-84 থেকে অনুমানিক চার মাইল দূরে, একটি ইন্ডাস্ট্রিয়াল করিডোরে, এবং অরেঞ্জ কাউন্টি বিমানবন্দরের (Orange County Airport) নিকটে অবস্থিত।

**ফুল্টন কাউন্টি আঞ্চলিক বিকাশ কেন্দ্র, ফুল্টন কাউন্টি - 65,300 মার্কিন ডলার:** জনসনটাউনের রুট 20A এর এই প্রকল্পটি এই সাইটে রাস্তা, ইউটিলিটি, সাইট বিশ্লেষণ, এবং পরিবেশগত তদন্তসহ অবকাঠামোর বিকাশের ব্যয় নির্ণয় করার জন্য একটি পরিকল্পনা স্টাডির ব্যবস্থা করবে। সাইটটি জনসনটাউন ইন্ডাস্ট্রিয়াল পার্কের (Johnstown Industrial Park) সরাসরি বিপরীতে অবস্থিত হবে, যা বর্তমানে ভরা আছে। নিউ ইয়র্ক স্টেট ইন্টারস্টেট সিস্টেমের (New York State Interstate System) সাথে নিকটবর্তীতা, সাইটে উচ্চ শক্তির ধারণক্ষমতা এবং আন্তঃমিউনিসিপ্যাল পানির সরবরাহের মতো সম্পদ এই সাইটটিকে আধুনিক প্রস্তুতকরণের জন্য একটি সেরা অবস্থান করেছে। প্রকল্পের উদ্দেশ্য হলো পাঁচটি মুখ্য ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট সাইট তৈরি করা, যার ফলে আনুমানিক 200 চাকরি তৈরি হবে।

বহু যোগ্য শিল্পখাতকে আকৃষ্ট করবে এমন সাইট বিকাশ করতে প্রাকনির্মাণ কর্মকাণ্ড এবং অবকাঠামোতে বিনিয়োগের জন্য ESD এর মাধ্যমে FAST NY তহবিল অনুদান প্রদান করে, শিল্পখাতের মধ্যে রয়েছে হাইটেক প্রস্তুতকরণ, সেমিকন্ডাক্টর, পরিচ্ছন্ন প্রযুক্তির নবায়নযোগ্য শক্তি, লাইফ সাইন্স, কৃষিবাণিজ্য, অপটিক্স, পরিবহন সরঞ্জাম, উপাদান প্রক্রিয়াজাতকরণ, শিল্পখাতের মেশিনারি প্রস্তুতকরণ এবং অন্যান্য আধুনিক প্রস্তুতকরণ। এছাড়াও এই সাইটগুলি আন্তঃস্টেট বিতরণ ও লজিস্টিকের জন্য ব্যবহার করা যেতে পারে। FAST NY এর মাধ্যমে, নির্মাণকাজের জন্য উচ্চ মাত্রার প্রস্তুতি প্রদর্শনকারী সাইটসমূহকে ESD একটি "FAST NY নির্মাণকাজের জন্য প্রস্তুতির সনদ" প্রদান করতে পারবে, যা আরো শিল্পখাতকে আকৃষ্ট করার জন্য তাদের প্রয়াসের বাজারজাতকরণকে সমর্থন ও উন্নত করবে। আরো তথ্যের জন্য বা FAST NY অনুদানের জন্য আবেদন করতে https://esd.ny.gov/fast-ny ভিজিট করুন।

**নিউ ইয়র্ক স্টেট অর্থনৈতিক বিকাশ পরিষদের (New York State Economic Development Council) নির্বাহী পরিচালক রায়ান এম. সিলভা বলেন,** "FAST NY কর্মসূচিটি নিউ ইয়র্কের অর্থনীতির সাফল্যের জন্য এবং বেসরকারি খাতের বিনিয়োগ আকৃষ্ট করার আমাদের ক্ষমতার জন্য অতি গুরুত্বপূর্ণ। অবকাঠামোতে বিনিয়োগ ভালো বেতনের নির্মাণ চাকরি তৈরি করে এবং সরকারি বেসরকারি অংশীদারিত্বের ব্যবস্থা করতে সাহায্য করে। নিউ ইয়র্কের অর্থনীতিতে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট এজেন্সিসমূহ যেই অত্যাবশ্যকীয় ভূমিকা পালন করে তা আজকের ঘোষণাটি আরেকবার প্রমাণ করে, এগুলি টেকসই সম্প্রদায়ের সমর্থন ও গঠনের জন্য স্থানীয় দক্ষতা ও সংস্থানকে স্টেটের অর্থায়নের সাথে যুক্ত করে। গভর্নর হোকল এবং ESD এর দলকে তাদের নেতৃত্ব ও FAST NY কর্মসূচির সাথে অংশীদারিত্বের জন্য এবং নিউ ইয়র্কের ভবিষ্যতে বিনিয়োগ করার জন্য অর্থপ্রাপ্তদেরকে আমরা ধন্যবাদ জানাচ্ছি।"

**স্টেটের সিনেটর শন রায়ান বলেন,** "আমরা যখন অর্থনৈতিক বিকাশ প্রচারের সেরা উপায় সম্পর্কে চিন্তা করি, তখন আমরা ব্যাপক সংখ্যক পরিবার টিকিয়ে রাখার মতো চাকরি তৈরির ব্যাপারে কেন্দ্রীভূত কৌশলসমূহকে অগ্রাধিকার প্রদান করি। নিউ ইয়র্কে হাইটেক প্রস্তুতকরণ কোম্পানিকে আকৃষ্ট করা হলে তা হাজার হাজার স্থিতিশীল, ভালো বেতনের চাকরি আমাদের স্টেটে নিয়ে আসে। ভবিষ্যতের এইসব ব্যবসার জন্য সাইট তৈরি করা একটি বুদ্ধিমান বিনিয়োগ।"

**অ্যাসেম্বলি সদস্য অ্যাল স্টার্প বলেন,** "এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট পরিচালিত FAST NY কর্মসূচির মাধ্যমে পুরো নিউ ইয়র্ক স্টেটে গভর্নর হোকল যে 45 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছেন তার জন্য অ্যাসেম্বলির অর্থনৈতিক বিকাশ, কর্মসংস্থান সৃষ্টি, বাণিজ্য, এবং শিল্প কমিটির (Committee on Economic Development, Job Creation, Commerce, and Industry) প্রধান হিসেবে আমি কৃতজ্ঞ। নিউ ইয়র্কের অর্থনৈতিক ভবিষ্যতের জন্য করা এই উল্লেখযোগ্য বিনিয়োগ নিশ্চিত করবে যে আমরা শুধু নির্মাণের জন্য প্রস্তুত সাইট তৈরি করছি না; বরং এছাড়াও সুযোগের আবাদ করছি, বড় চাকরিদাতাদের জন্য সাইটের আকর্ষণীয়তা বৃদ্ধি করছি, এবং মুখ্য বিকাশমান শিল্পখাত সম্প্রসারণ করার জন্য চাকরি তৈরির সুযোগ করছি।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন